গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুষ্টিয়া।

স্মারক নং-৪৪.০৩.৪০৫০.০০২.৫০.০১৫.২২-১০১২

তারিখঃ- ১৩ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ।
২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

## "অফিস আদেশ"

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫৩.০০১.২২-৭২০, তারিখঃ-২৮/০৯/২০২২ খ্রিঃ মোতাবেক শারদীয় দুর্গাপূজা/২০২২ খ্রিঃ উপলক্ষে কুষ্টিয়া জেলার ০৬টি উপজেলায় ২৪৯টি পূজামন্ডপের আইন-শৃংখলা রক্ষার্থে ৭১ জন পিসি, ২৪৯ জন এপিসি, ৬৭২ জন পুরুষ ও ৪৯৮ জন মহিলাসহ সর্বমোট ১৪৯০ (এক হাজার চারশত নব্বই) জন আনসার/ভিডিপি সদস্য-সদস্যাকে আগামী ৩০/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে ০৫/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৬ (ছয়) দিনের জন্য নিম্নবর্ণিত 'ছক' অনুযায়ী অঙ্গীভূত করা হলো। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ স্থানীয় প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষের সাথে সমন্বয়পূর্বক আনসার/ভিডিপি সদস্য-সদস্যাদের মোতায়েন করবেন।

| ক্রঃ নং | উপজেলার নাম | মোট পূজা মন্ডপের সংখ্যা | পূজা মন্ডপের ধরণ ও সংখ্যা | | | পিসি | এপিসি | আনসার | | মোট মোতায়েন জনবল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | অধিক গুরুত্বপূর্ণ | গুরুত্বপূর্ণ | সাধারণ | | | পুরুষ | মহিলা | | |
| ১ | কুষ্টিয়া সদর | ৮১ | ২২ | ৫৩ | ০৬ | ২২ | ৮১ | ২৪৫ | ১৬২ | ৫১০ | |
| ২ | কুমারখালী | ৫৭ | ২৪ | ২৬ | ০৭ | ২৪ | ৫৭ | ১৭৩ | ১১৪ | ৩৬৮ | |
| ৩ | খোকসা | ৬৫ | ০৯ | ২০ | ৩৬ | ০৯ | ৬৫ | ১৩২ | ১৩০ | ৩৩৬ | |
| ৪ | মিরপুর | ২৪ | ০৪ | ০৬ | ১৪ | ০৪ | ২৪ | ৪৮ | ৪৮ | ১২৪ | |
| ৫ | ভেড়ামারা | ০৯ | ০৬ | ০৩ | ০ | ০৬ | ০৯ | ৩৩ | ১৮ | ৬৬ | |
| ৬ | দৌলতপুর | ১৩ | ০৬ | ০৫ | ০২ | ০৬ | ১৩ | ৪১ | ২৬ | ৮৬ | |
| সর্বমোট = | | ২৪৯ | ৭১ | ১১৩ | ৬৫ | ৭১ | ২৪৯ | ৬৭২ | ৪৯৮ | ১৪৯০ জন | |

প্রতি পূজামন্ডপে আনসার/ভিডিপি সদস্য-সদস্যা মোতায়েনের সারসংক্ষেপঃ

| পূজা মন্ডপের ধরণ | পিসি | এপিসি | আনসার | | মোট |
|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | |
| অধিক গুরুত্বপূর্ণ | ০১ | ০১ | ০৪ | ০২ | ০৮ |
| গুরুত্বপূর্ণ | ০ | ০১ | ০৩ | ০২ | ০৬ |
| সাধারণ | ০ | ০১ | ০১ | ০২ | ০৪ |

২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ অঙ্গীভূত পিসি, এপিসি, আনসার ও ভিডিপি সদস্য/ সদস্যাদের পোশাক ও লাঠিসহ ৩০/০৯/২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৬.০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও অফিসার ইনচার্জ এর সাথে সমন্বয়পূর্বক পূজামন্ডপে জনবল নিয়োগ করবেন।

৩। **মোতায়েন প্রক্রিয়াঃ**

ক। দুর্গাপূজা উপলক্ষে মোতায়েনকৃত আনসার/ভিডিপি সদস্য-সদস্যাগণ মন্ডপভিত্তিক স্ট্যাটিক দায়িত্ব পালন করবেন এবং মোতায়েন ও দায়িত্ব পালনকালীন করোনা স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

খ। প্রয়োজনে পুলিশ প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক পূজামন্ডপে গুরুত্ব অনুধাবন করে জনবল কম বেশি করে মোতায়েন করা যাবে। উপজেলার অনুকূলে অনুমোদিত জনবলের সংখ্যা কোনক্রমেই বৃদ্ধি করা যাবে না।

গ। পূজামন্ডপের দায়িত্বপ্রাপ্ত অঙ্গীভূত পিসি/এপিসিগণ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কমান্ড সার্টিফিকেট নিয়ে পূজামন্ডপে রিপোর্ট করবে।

ঘ। পূজার কার্যক্রম শুরু থেকে শেষ পর্যন্ত অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস্য-সদস্যাগণ পূজামন্ডপের সার্বিক নিরাপত্তা বিধানে দায়িত্ব পালন করবে ও মোতায়েনস্থলে পূর্ণ ইউনিফর্মে লাঠিসহ সার্বক্ষণিক অবস্থান করবেন।

ঙ। পূজা চলাকালে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা প্রশিক্ষক/প্রশিক্ষিকাগণ নিয়মিত পূজামন্ডপ পরিদর্শন এবং অঙ্গীভূত আনসার/ভিডিপি সদস-সদস্যাদের দায়িত্ব কর্তব্য সার্বক্ষণিক তদারকি করবেন।

চ। উপজেলা কার্যালয়ে বিরতিহীনভাবে ২৪ ঘন্টার জন্য নিয়ন্ত্রণ কক্ষ খোলা রাখার ব্যবস্থা করতে হবে।

ছ। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ অঙ্গীভূত সদস্যাদেরকে মোতায়েনের পূর্বেই প্রয়োজনীয় পরিপূর্ণ ব্রিফিং প্রদান করবেন।

৪। **পূজামন্ডপে অঙ্গীভূত আনসারের দায়িত্বঃ**

ক। পূজামন্ডপে আগতদের নিয়ম মোতাবেক তল্লাশী কার্যক্রম জোরদার।

খ। পূজামন্ডপ এলাকার অভ্যন্তরীন নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ।

গ। পূজামন্ডপে দর্শনার্থীদের সুশৃংখলভাবে প্রবেশ ও প্রস্থানে সহায়তা করা।

ঘ। পূজামন্ডপে নিরাপত্তা বিধান করা।

ঙ। পূজামন্ডপে নাশকতা প্রতিরোধে সতর্কতার সাথে দায়িত্ব পালন করা।

E/LD kushtia/puja/20

CamScanner

চ। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সর্তকতা অবলম্বন করতে হবে। পূজা চলাকালীন সময়ে ০৬ দিন পূজামন্ডপ ও তৎসংশ্লিষ্ট কোন ছবি/নিজের ডিউটিরত অবস্থার ছবি আপলোড করা যাবে না।

ছ। আনসার/ভিডিপি সদস্য-সদস্যাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে সর্বোচ্চ ধৈর্য্য ও সহনশীলতার পরিচয় দিতে হবে।

জ। দায়িত্ব পালনের সময় সহজে বহনযোগ্য টেকসই ও একই মাপের লাঠি (৩ ফিট) ব্যবহার করতে হবে।

৫। **প্রশাসন ব্যবস্থাপনাঃ**

ক) আবাসন ও ব্যবস্থাপনাঃ স্থানীয় প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষ এবং পূজা কমিটির সাথে সমন্বয়পূর্বক পূজা মন্ডপে সন্নিকটে/নিকটবর্তী স্থানে নির্ধারন করতে হবে।

খ) খাবারঃ অঙ্গীভুত আনসার এর খাবার উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার তত্তাবধানে নিজ ব্যবস্থাপনায় নির্ধারন হবে।

৬। **আদেশ ও সংকেতঃ**

ক) সার্কেল অ্যাডজুট্যান্ট, কুষ্টিয়া সার্বিকভাবে জেলা কমান্ড্যান্ট, কুষ্টিয়ার "সমন্বয়কারীর" দায়িত্ব পালন করবেন।

খ) সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে দুর্গাপূজা উদ্‌যাপন সংক্রান্ত যে কোন তথ্য জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুষ্টিয়াকে নিয়মিতভাবে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

গ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুষ্টিয়ার সার্বক্ষনিক যোগাযোগের জন্য নিয়ন্ত্রনকক্ষ খোলা হলো। পূজার বিষয়ে নিম্নবর্ণিত মোবাইল ফোন নম্বরে যোগাযোগ করবেন।

| | |
|---|---|
| **নিয়ন্ত্রনকক্ষ** | ঃ ০২৪৭৭৭৮৩০০৬ |
| জেলা কমান্ড্যান্ট | ঃ ০১৭৩০০৩৮১০৩ |
| সার্কেল অ্যাডজুট্যান্ট | ঃ ০১৭৩৫৪৫৮৬৮৫ |
| উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সদর | ঃ ০১৮২৩৫৬০২৪০ |

৭। সর্বোপরি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তরের স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫৩.০০১.২২.৭১৮ ও ৭১৯ তারিখঃ ২৮/০৯/২০২২ খ্রিঃ মূলে জারীকৃত সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

28/09/2022

সোহেলুর রহমান
বিএডি-১২০১৫২
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুষ্টিয়া।
মোবাইল ঃ ০১৭৩০০৩৮১০৩
ই-মেইল ঃ kushtiaansarvdp@gmail.com

স্মারক নং-৪৪.০৩.৪০৫০.০০২.৫০.০১৫.২২-১০১২

তারিখঃ- ১৩ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ।
২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপি ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | অপারেশনস্ শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | - | সদয় অবগতির জন্য। |
| ২। | উপ-মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>খুলনা রেঞ্জ, খুলনা। | - | ঐ |
| ৩। | জেলা প্রশাসক, কুষ্টিয়া। | - | ঐ |
| ৪। | পুলিশ সুপার, কুষ্টিয়া। | - | ঐ |
| ৫। | উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/দৌলতপুর/<br>ভেড়ামারা, কুষ্টিয়া। | - | অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য। |
| ৬। | অফিসার ইনচার্জ<br>সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/দৌলতপুর/<br>ভেড়ামারা থানা, কুষ্টিয়া। | - | অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য। |
| ৭। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/দৌলতপুর/<br>ভেড়ামারা, কুষ্টিয়া। | - | অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য। |
| ৮। | ---------------------------------------- | | |
| ৯। | অফিস কপি। | | |

28/09/2022
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুষ্টিয়া।

E/LD kushtia/puja/20

CamScanner